শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

অব্রাহামের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞা

Written by: Edward Hughes

Illustrated by: Byron Unger; Lazarus

Adapted by: M. Maillot; Tammy S.

Translated by: Shankar Sikder

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2009 Bible for Children, Inc
স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বন্যার অনেক পরে
জগতের মানুষেরা একটি
পরিকল্পনা করল।

“আমরা একটি বিশাল শহর তৈরী করব যেখানে এমন স্তম্ভ থাকবে যা স্বর্গ পর্যন্ত পৌঁছায়,” তারা এই কথা বলল। “এসো আমরা একসাথে বসবাস করি”। তারা প্রত্যেকে একই ভাষায় কথা বলত।

ঈশ্বরের ইচ্ছা ছিল তিনি যে পৃথিবী নির্মান করেছেন মানুষ যেন সেই পৃথিবীর সব অঞ্চলেই বসবাস করে। আর এজন্য তিনি একটি বিশেষ কাজ করলেন। অল্প সময়ের মধ্যেই, বিভিন্ন দলের মানুষ বিভিন্ন ভাষায় কথা বলতে লাগল। ঈশ্বর তাদের নতুন নতুন ভাষা দিলেন।

একই ভাষায় কথা বলা লোকজন একই সাথে চলাফেরা করতো। তারা হয়তোবা অন্য ভাষায় কথা বলা লোকদের বুঝতে পারতোনা বলে ভয় পেত। এইভাবে ঈশ্বর মানুষের দ্বারা পৃথিবীর সব দেশ পরিপূর্ণ করলেন।

তারা যে শহর ছেড়ে চলে গিয়েছিল তার নাম ছিল বাবিল, যার অর্থ বিভেদ।

বহুদিন পর কলদীয়দের উর শহরে ঈশ্বর অব্রাম নামে এক ব্যক্তির সাথে কথা বললেন। “এই দেশ ত্যাগ কর” ঈশ্বর তাকে এই আদেশ দিলেন। “আমি তোমাকে যে দেশ দেখাব সেই দেশে যাও।”

অব্রাম আদেশ পালন করলেন। ঈশ্বর তাকে কনান দেশে নিয়ে গেলেন।
তার স্ত্রী সারী এবং ভাইপো লোটও তার সাথে গেল।



কনান দেশে অব্রাম ও লোট উভয়েই ধনী হয়ে গেলেন। তাদের বিরাট গরু ছাগলের পাল ছিল। সেখানে পশুর জন্য পর্যাপ্ত চারনভূমি ছিলনা।

লোট এবং অব্রামের রাখালদের মধ্যে বিবাদ দেখা দিয়েছিল। অব্রাম বললেন,“সমস্যা যাতে না হয় সেজন্য আমরা আলাদা হয়ে যাব। লোট তুমি তোমার পছন্দমত দেশ বেছে নাও।”

লোট গ্রাম এবং শহর সমেত একটি সবুজ সমভূমি বেছে নিল। এই অঞ্চলটা দেখতে সুন্দর ছিল । কিন্তু শহরগুলো ছিল অত্যন্ড় জঘন্য।

লোট চলে যাবার পর ঈশ্বর অব্রামকে আবারো বললেন, “আমি সমগ্র কনান দেশ তোমাকে এবং তোমার সন্তানদেরকে চিরতরে দিয়ে দিলাম।” অব্রাম এবং সারীর কোন সন্তান ছিলনা। ঈশ্বর কিভাবে তার মহা প্রতিজ্ঞা রক্ষা করলেন?

ঈশ্বরের কাছ থেকে তিনজন মানুষ আব্রাম ও সারীর কাছে আসলেন।

তারা বললেন, “শীঘ্রই তোমার একটি সন্ড়ান হবে।” এই কথা শুনে সারী হাসলেন। তিনি ঈশ্বরের কাছ থেকে আসা এই বার্তা বিশ্বাস করলেন না। তার বয়স ছিল নব্বই বছর। ঈশ্বর অব্রামকে বললেন যে এখন থেকে তাকে অব্রাহাম নামে ডাকা হবে এবং সারী হবে সারা।

ঈশ্বর অব্রাহামকে আরও বললেন যে তিনি সদোম এবং ঘমোরা নামক সেই জঘন্য নগর দুটিকে ধ্বংস করবেন। অব্রাহামের ভাইপো লোট তার পরিবারকে নিয়ে সদোম শহরে বাস করতেন।

ঈশ্বরের সাবধান বাণী যখন এসেছিল লোট তা বিশ্বাস করেছিল, কিন্তু তার মেয়েদের স্বামীরা সদোম ছেড়ে যেতে চাইল না। এটা কতইনা দুঃখজনক! তারা ঈশ্বরের কথা বিশ্বাস করল না।

কেবলমাত্র লোট এবং তার দুই মেয়ে নিরাপদে সরে যেতে পারল। শহর দুটির উপর গন্ধক ও আগুনের বৃষ্টি শুরু হলো।

দুর্ভাগ্যবশত, দৌঁড়ানোর সময়
লোটের স্ত্রী ঈশ্বরের সাবধান বাণী
অমান্য করে পিছন ফিরে তাকাল।
তাতে সে একটি লবণ
স্তম্ভে পরিণত হল।

ঈশ্বর অব্রাহাম ও সারার কাছে দেওয়া প্রতিজ্ঞা রক্ষা করলেন। ঈশ্বরের কথামতো বৃদ্ধ বয়সে তাদের একটি সন্তান হলো। ইস্‌হাকের জন্মে তারা কতইনা আনন্দ করেছিল!

অব্রাহাম হয়তো ঈশ্বরের
দেওয়া প্রতিজ্ঞা সম্পর্কে
চিন্তা করছিলেন যেখানে
ঈশ্বর বলেছিলেন যে কনান
দেশ অব্রাহাম ও তার
সন্তানদেরকে চিরতরে
দিয়ে
দেওয়া হবে।

ঈশ্বর তাঁর এই প্রতিজ্ঞাও রক্ষা করলেন। ঈশ্বর সর্বদা তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেন।

অব্রাহামের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞা

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্তক ১১-২১

তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে
গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্ড়ি হচ্ছে মৃত্যু, কিস্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্ড়িস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্ড়রে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্ড়কাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্ড়কাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্ড়ান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬